গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী
ত্রাণ ও পুনর্বাসন শাখা
www.nilphamari.gov.bd

স্মারক নং- ৫১.০১.৭৩০০.০১৩.৪২.০২০.২৬- 286

তারিখ: ২৪ জ্যৈষ্ঠ ১৪৩৩
০৭ জুন, ২০২৬

বিষয়: ২০২৫-২০২৬ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) কর্মসূচির আওতায় নির্বাচনী এলাকা ভিত্তিক মাননীয় সংসদ সদস্যের অনুকূলে বরাদ্দকৃত অর্থ ও খাদ্যশস্য (চাল ও গম) উপ-বরাদ্দ প্রদান।

সূত্র: দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা'র স্মারক নং- ৫১.০১.০০০০.০১১.১৪.০১০.২৬-৩৩, তারিখ: ০৯/০৪/২০২৬ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকে পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) কর্মসূচির আওতায় নির্বাচনী এলাকা ভিত্তিক মাননীয় সংসদ সদস্যের অনুকূলে বরাদ্দকৃত অর্থ ও খাদ্যশস্যের (চাল ও গম) প্রকল্প তালিকা সংশ্লিষ্ট উপজেলা হতে পাওয়া যায়। উক্ত প্রকল্প তালিকা আগামী জেলা কর্ণধার কমিটির সভায় ভূতাপেক্ষ অনুমোদন করা হয় মর্মে প্রকল্প তালিকা নিম্নবর্ণিত শর্ত ও সর্বশেষ কাবিখা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ (সংশোধনীসহ) এবং বরাদ্দপত্রের নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট উপজেলা হতে প্রাপ্ত প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য তাঁর অনুকূলে উপ-বরাদ্দ প্রদান করা হলো।

| ক্র: নং | নির্বাচনী এলাকা | উপজেলার নাম | বরাদ্দকৃত নগদ অর্থ ও খাদ্যশস্যের পরিমাণ | | | বিভাজনকৃত নগদ অর্থ ও খাদ্যশস্যের পরিমাণ | | | গৃহীত প্রকল্প সংখ্যা | | | উপ-বরাদ্দকৃত নগদ অর্থ ও খাদ্যশস্যের পরিমাণ | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | টাকা | চাল | গম | টাকা | চাল | গম | টাকা | চাল | গম | টাকা | চাল | গম |
| ০১ | নির্বাচনী এলাকা-৪ | কিশোরগঞ্জ | ২৫০০০০০.০০ | ২০.০০০ | ২০.০০০ | ১২৫০০০০.০০ | ১০.০০০ | ১০.০০০ | ০৬টি | ০১টি | ০১টি | ১২৫০০০০.০০ | ১০.০০০ | ১০.০০০ |

শর্তাবলী:

০১। এ কর্মসূচির আওতায় প্রকল্প গ্রহণ, অনুমোদন ও বাস্তবায়ন আগামী ৩০/০৬/২০২৬ খ্রি: তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। কোন ক্রমেই সময় বৃদ্ধি করা হবে না;

০২। এ কর্মসূচির অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি বিধান, গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা- খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা- ২০২১ (সংশোধনীসহ) যথাযথভাবে অনুসরণ করতে হবে;

০৩। এ ব্যয় বাজেট কোড নং- ১৪৯০১০১-২১১০০০৩০০-৩৭২১১০১ (টাকা), ১৪৯০১০১-২১১০০০২০৩-৩৭২২১০১ (চাল), এবং ১৪৯০১০১-২১১০০০২০৩-৩৭২২১০২ (গম) খাত হতে নির্বাহ করতে হবে;

০৪। প্রি-ওয়ার্ড পরিমাপ বাধ্যতামূলক করা। প্রি-ওয়ার্কের ডকুমেন্টের ছবি তুলে রাখা, ভিডিও সফটকপি সিডি আকারে সংরক্ষণ করা যাতে কর্মোত্তর জরিপের একটি তুলনা করা সম্ভব হয়; প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইন বোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন বাধ্যতামূলক করতে হবে;

০৫। নির্ধারিত সময় সীমার মধ্যে কাজ সম্পন্ন না হলে দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে প্রচলিত বিধি মোতাবেক ব্যবস্থা করতে হবে;

০৬। প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নে সরকারি কর্মকর্তাদের পাশাপাশি জনপ্রতিনিধিদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করতে হবে;

০৭। বরাদ্দ প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে P.I.C গঠনসহ আনুষাঙ্গিক কাজ সম্পন্ন করে কাজ শুরু নিশ্চিত করা। অব্যয়িত খাদ্যশস্য/টাকা যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করতে হবে;

০৮। প্রকল্পের প্রাক্কলন অনুমোদন না করে কোন প্রকল্পের ডিও এবং বিল প্রদান করা যাবে না;

০৯। গৃহীত/প্রস্তাবিত প্রকল্প সরেজমিন পরিদর্শন করে বরাদ্দকৃত অর্থ ছাড় করতে হবে;

১০। প্রকল্প বাস্তবায়নের মাসিক অগ্রগতি প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করতে হবে;

১১। নিরীক্ষার জন্য যাবতীয় হিসাব ও মাষ্টাররোল/ভাউচার উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ে সংরক্ষণ করতে হবে;

এতে জেলা প্রশাসক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

০৭.০৬.২৬
(মো: মনোয়ারুল ইসলাম)
জেলা ত্রাণ ও পুনবার্সন কর্মকর্তা
নীলফামারী

উপজেলা নির্বাহী অফিসার
কিশোরগঞ্জ, নীলফামারী

চলমান পাতা- ০২

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

০১। মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা, নীলফামারী- ০৪
০২। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
০৩। অতিরিক্ত সচিব, জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা
০৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর
০৫। পরিচালক (কাবিখা), দুর্যোগ ব্যবস্থাপন অধিদপ্তর, মহাখালী, ঢাকা
০৬। সহকারী কমিশনার (গোপনীয় শাখা), নীলফামারী কালেক্টরেট, জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য
০৭। সহকারী কমিশনার, আইসিটি শাখা, নীলফামারী। ইহা জেলা প্রশাসক মহোদয়ের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো
০৮। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স কর্মকর্তা, নীলফামারী
০৯। জেলা খাদ্য নিয়ন্ত্রক, নীলফামারী
১০। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কিশোরগঞ্জ, নীলফামারী
১১। উপজেলা একাউন্টস এন্ড ফিন্যান্স কর্মকর্তা, কিশোরগঞ্জ, নীলফামারী
১২। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কিশোরগঞ্জ, নীলফামারী

## ২০২৫-২৬ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার ( কাবিটা/কাবিখা ) কর্মসূচির আওতায় নির্বাচনী এলাকা-০৪ ভিত্তিক কিশোরগঞ্জ উপজেলার প্রকল্প তালিকাঃ

নগদ অর্থ

| ক্রঃ নং | ইউনিয়ন | প্রকল্পের নাম | বরাদ্দের পরিমাণ (টাকা) |
|---|---|---|---|
| ০১ | বড়ভিটা | বড়ভিটা কেন্দ্রীয় কবরস্থান সংলগ্ন ঈদগাহ্ মাঠ সংস্কার। | ২,০০,০০০/- |
| ০২ | নিতাই | চাঁনশাহ্ পাড়া আঃ মোন্নাফের বাড়ী হতে পশ্চিমে বড় রাস্তা অভিমুখে রাস্তা সংস্কার। | ২,৫০,০০০/- |
| ০৩ | বাহাগিলী | দক্ষিন দুড়াকুটি ঈদগাহ্ মাঠ সংস্কার ও সীমানা নির্ধারন। | ২,০০,০০০/- |
| ০৪ | চাঁদখানা | চাঁদখানা চড়কবন্দ ঈদগাহ্ মাঠ সংস্কার ও সীমানা নির্ধারন। | ২,০০,০০০/- |
| ০৫ | বাহাগিলী | উত্তর দুরাকুটি ০১নং সরকারী প্রাথমিক বিদ্যালয় সংযোগ রাস্তা সংস্কার । | ২,০০,০০০/- |
| ০৬ | রণচন্ডী | গোলজার চৌধুরী বাড়ী থেকে তোবারক মাষ্টারের বাড়ি অভিমুখে রাস্তা সংস্কার। | ২,০০,০০০/- |
| | | সর্বমোট= | ১২,৫০,০০০/- |

চাল

| ক্রঃ নং | ইউনিয়ন | প্রকল্পের নাম | বরাদ্দের পরিমাণ (টাকা) |
|---|---|---|---|
| ০১ | নিতাই | নিতাই বাড়ীমধুপুর মাষ্টার পাড়া চৌরাস্তা হতে পশ্চিমে রাস্তা সংস্কার ও পুকুর পাড়ে গাইডওয়াল নির্মাণ। | ১০.০০০ মেঃ টন চাল |

গম

| ক্রঃ নং | ইউনিয়ন | প্রকল্পের নাম | বরাদ্দের পরিমাণ (টাকা) |
|---|---|---|---|
| ০১ | নিতাই | ফুলবাড়ি চৌরাস্তা হতে পূর্বে মাষ্টারপাড়া অভিমুখে রাস্তা সংস্কার। | ১০.০০০ মেঃ টন গম |

(মোঃ লতিফুর রহমান)
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
কিশোরগঞ্জ, নীলফামারী।

( মোঃ আরিফুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
কিশোরগঞ্জ, নীলফামারী।

সদয় অনুমোদন করা যেতে পারে।

অনুমোদিত

(মোঃ আনোয়ারুল ইসলাম)
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
নীলফামারী।

মোহাম্মদ নায়িরুজ্জামান
জেলা প্রশাসক
নীলফামারী।